

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫১৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. সালাতুল ইসতিসকা বা বৃষ্টির জন্য সালাত - বৃষ্টি প্রার্থনার সালাত শরীয়তসম্মত ও সালাত আদায়ের উদ্দেশ্যে বের হওয়ার পদ্ধতি

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: خَرَجَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ مُتَوَاضِعًا, مُتَبَدِّلًا, مُتَخَشِّعًا, مُتَرَسِّلًا, مُتَضَرِّعًا, فَصلَّى رَكْعَتَيْن, كَمَا يُصلِّي فِي الْعِيد, لَمُ يَخْطُب خُطْبَتَكُمْ هَذِهِ. رَوَاهُ الْخَمْسَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَأَبُو عَوَانَةَ, وَابْنُ حِبَّانَ لَمْ يَخْطُب خُطْبَ خُطْبَاتَكُمْ هَذِهِ. رَوَاهُ الْخَمْسَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَأَبُو عَوَانَةَ, وَابْنُ حِبَّانَ

حسن. رواه أبو داود (1165)، والنسائي (3/ 163)، والترمذي (558 و 559)، وابن ماجه (1266) وأحمد (1/ 230 و 269 و 355)، وابن حبان (2862) وقال الترمذي: «حديث حسن صحيح». والتبذل: ترك التزين والتهيؤ بالهيئة الحسنة الجميلة على جهة التواضع. والترسل: التأني في المشي، وعدم العجلة

বাংলা

৫১৩. ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিনয়ী ও নম্রভাবে, সাধারণ পোশাক পরে, ভীত বিহবল হয়ে রওয়ানা করে ধীরপদে (মাঠে) পৌছে দু' রাক'আত সালাত পড়লেন, যেভাবে তিনি ঈদের সালাত পড়েন। কিন্তু তিনি তোমাদের এই খুতবাহর ন্যায় খুতবাহ দেননি। - তিরমিয়ী, আবু 'আউয়ানাহ ও ইবনু হিবান একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আবু দাউদ ১১৬৫, ১১৬৬, তিরমিয়ী ৫৫৮, নাসায়ী ১৫০৬, ১৫০৮। ইবনু হিব্বান হাঃ ২৮৬২। تبذل শব্দের



অর্থ : সাজসজ্জা পরিত্যাগ করে স্বাভাবিক বেশভুষা ধারণ করা। আর ترسل হচ্ছে : হাঁটা-চলায় ধীরস্থিরতা অবলম্বন করা। তাড়াহুড়া না করা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন